

## 📖 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৫৫

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৫/ পানির পরিমাণ নির্ধারণ না করা

আরবী

أَخْبَرَنَا سُؤَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، قَالَ سَمِعْتُ أَنَسًا، يَقُولُ جَاءَ أَغْرَابِيُّ إِلَى الْمَسْجِدِ فَبَالَ فَصَاحَ بِهِ النَّاسُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " اتْرْكُوهُ " . فَتَرَكَوْهُ حَتَّى بَالَ ثُمَّ أَمَرَ بِدَلْوٍ فَصُبَّ عَلَيْهِ

বাংলা

৫৫। সুওয়াদ ইবনু নাসর (রহঃ) ... ইয়াহইয়া ইবনু সাঈদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি আনাস (রাঃ) কে বলতে শুনেছি যে, এক বেদুঈন ব্যক্তি মসজিদে প্রবেশ করে এবং পেশাব করতে শুরু করে। এতে লোকেরা চিৎকার করে উঠল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে ছেড়ে দাও। তারা তাকে ছেড়ে দেয়। সে ব্যক্তি পেশাব শেষ করে। পরে তিনি এক বালতি পানি আনতে নির্দেশ দেন এবং তা পেশাবের উপর ঢেলে দেয়া হয়।

## English

Anas said:

"A Bedouin came to the Masjid and urinated, and the people yelled at him, but the Messenger of Allah (ﷺ) said: 'Leave him alone.' So they left him alone. When he had finished urinating, he ordered that a bucket (be brought) and poured over it."

ফুটনোট

সাহীহ, বুখারী ও মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনু সাঈদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=9083>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন